উপজেলা পরিষদ কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর।

ডিসেম্বর/২০২১ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার স্থান ঃ উপজেলা রিসোর্স সেন্টার সম্মেলন কক্ষ, হাজির হাট, কমলনগর।

সভার তারিখ ও সময় ঃ ২৩.১২.২০২১ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হ'লঃ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরনীতে ৭নং অনুচ্ছেদের সিদ্ধান্ত কলামে "উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় এর স্থলে বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে" প্রতিস্থাপিত হবে। আর কোনরুপ সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরন করা হয়। অত:পর সভাপতি চলমান উন্নয়ন কাজের অগ্রগতি ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুরকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব ডাঃ মীর মোঃ আমিনুল ইসলাম মঞ্জু সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ ভ্যাকসিন তথ্যঃ অনলাইনে রেজিস্ট্রেশন ৯৩,৭১২, ১ম ডোজের জন্য আবেদন ৯৩,৭১২, ১ম ডোজ প্রদান ৮৭,০০০, ২য় ডোজ প্রদান ৬২,০০০। করোনার উপসর্গ নিয়ে মৃত্যুবরণ করেন ০৭ জন, সংগৃহীত নমুনার ফলাফল সবগুলো নেগিটিভ অর্থাৎ করোনা আক্রান্ত ছিলেন না। গত নভেম্বর/২০২১ মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সঃ নরমাল ডেলিভারী ৪৯ জন মা ও নবজাতক সুস্থ্য ও স্বাভাবিক রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সকল সুযোগ সুবিধা রয়েছে। প্রাতিষ্ঠানিক ডেলিভারী নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। হাসপাতালের সংস্কার, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং শোভাবৃদ্ধির কাজ চলমান রয়েছে। হাসপাতালে জীন এক্সপার্ট ও ডিজিটাল এক্স-রে মেশিন স্থাপন করা হয়েছে। ফ্লু কর্ণার (জ্বর, সর্দি, কাশি, শ্বাস কষ্ট) রোগীর সংখ্যাঃ ১১২ জন, বহিঃ বিভাগঃ ৭২৫০ জন, জরুরী বিভাগঃ ৪২১ জন, ভর্তি রোগীঃ ৬০২ জন রোগীকে যথাযথভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কমিউনিটি ক্লিনিক সমূহ সকাল ৯.০০ টা হইতে ৩.০০ টা পর্যন্ত খোলা রেখে কার্যক্রম চলমান রয়েছে। | ১। স্বাস্থ্য বিভাগে রোগীদের চিকিৎসা সেবা যথাযথভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। করোনা ভাইরাস পরিস্থিতিতে উপজেলায় করোনা রোগীদের যথাযথ সেবা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৩। করোনা রোগীদের আইসোলেশন ব্যবস্থা ও হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কমলনগর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত:পর তিনি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদান সম্পর্কিত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি নভেম্বর/২০২১ খ্রিঃ মাসে স্থায়ী পদ্ধতি গ্রহিতাঃ মহিলা বন্ধ্যাকরন ০৫ জন, পুরুষ বন্ধ্যাকরন ০ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ ইমপ্লান্ট ৬৭ জন, আইইউডি ৬৫ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি বিতরন ৬২০৯ সাইকেল, কনডম বিতরন ৬৩২৪ পিস, ইনজেকটেবল ৩৭০৬ ভায়াল, মিসোপ্রোস্টল ৩৪০ ডোজ, প্রসবসেবা ১৬৫ জন, সাধারন রোগী ১৪২০ জন। উপজেলায় মোট সক্ষম দম্পতি ৩৪২৪৩ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ২৫৭০২ জন, পদ্ধতি গ্রহনকারীর হার ৭৫.০৬%। উপজেলায় উঠান বৈঠকের সংখ্যা ৬৯ টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ঔষধ সরবরাহ স্বাভাবিক আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>আশ্রয়ন প্রকল্পের প্রতিবেদনঃ চরঠিকা আশ্রায়ন প্রকল্পে পরিবারের সংখ্যা ১০০ জন, পরিবারের সদস্য সংখ্যা ৩৭৮ জন, সক্ষম দম্পতি ৭৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহনকারী ০১ জন, ইমপ্লান্ট গ্রহনকারী ০২ জন, আইইউডি ০ জন, অস্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯ জন, মোট পদ্ধতি গ্রহনকারী ৪০ জন, অগ্রহনকারী ৩৪ জন। | ১। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বৃদ্ধিসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহনের অনুরোধ করা হয়।<br>৩। উঠান বৈঠকে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বাড়ানোর জন্য অনুরোধ করা হয়।<br>৪। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলনগর। |
| ০৩ | উপজেলা প্রকৌশল বিভাগ ঃ উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পল্লী সড়ক কালভার্ট মেরামত/সংরক্ষণ | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কমলনগর |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্প। ২০২১-২২ অর্থ বৎসরের ৫ টি সড়ক ও ১ টি কালভার্ট এর কাজ চলমান। গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প ৩ টি সড়কের কাজ চলমান। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর ২৭ টি স্কীমের কাজ শেষ হয়েছে। তিনি সভাকে আরো জানান যে, কমলনগর উপজেলা পরিষদ ভবনটি উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ প্রকল্পের আওতায় ৪ তলা ভবনটির Retrofitting কাজ শেষের দিকে রয়েছে। উক্ত ভবনের Retrofitting এর কারণে ক্ষতিগ্রস্থ সকল দপ্তরের রুমগুলো নতুন করে সাজানো হচ্ছে। ইতোমধ্যে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণের নিমিত্ত রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ নং ৩ এর (ক) খাত হতে বিভিন্ন অফিস মেরামত/সংরক্ষণ/রংকরণ এর কাজে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে। তাই জরুরী ভিত্তিতে যে কাজগুলো প্রয়োজন তার প্রাক্কলনসমূহ সভায় উপস্থাপন করেন:-০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ-৪,৭৫,৪৫১/-টাকা। ০২। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ-৬,৫৯,৬০০/-টাকা। ০৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ হলরুম টাইলস করন বাবদ ৭,৯২,১৩২/-টাকা। ০৪। উপজেলা পরিষদ হলরুম ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৭,৭০,৮৪০/-টাকা। ০৫। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও রংকরণ বাবদ ২,৪৩৩৯০/-টাকা। উক্ত প্রকল্পগুলো অনুমোদনের জন্য অনুরোধ করেন। | ২। সভায় ব্যাপক আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের নিমিত্ত ০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ-৪,৭৫,৪৫১/-টাকা। ০২। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ সংস্কার ও ইন্টেরিয়র ডিজাইন বাবদ-৬,৫৯,৬০০/-টাকা। ০৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ হলরুম টাইলস করন বাবদ ৭,৯২,১৩২/-টাকা। ০৪। উপজেলা পরিষদ হলরুম ইন্টেরিয়র ডিজাইন বাবদ ৭,৭০,৮৪০/-টাকা। ০৫। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও রংকরণ বাবদ ২,৪৩,৩৯০/-টাকার (সর্বমোট ২৯,৪১,৪১৩/-টাকা) প্রাক্কলনসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রশাসনিক অনুমোদনের লক্ষে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় বরাবরে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কমলনগরকে অনুরোধ করা হয়। | ও সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ ইকতারুল ইসলাম সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি রোপা আমন মৌসুমে ১৯৩৬৫ হেক্টর জমিতে আমন ধানের আবাদ অর্জিত হয়েছে এবং সম্ভাব্য উৎপাদন লক্ষ্যমাত্রা ৯৬৮২০ মেঃ টন। যা ৬০% কর্তন হয়েছে। আগাম শীতকালীন শাকসবজির আওতায় ২৮০ হেক্টর জমিতে আবাদ অর্জিত হয়েছে। নির্বিঘ্নে রবি আবাদ করার লক্ষ্যে রোগ/পোকামাকড় দমন বিষয়ক কৃষক উঠান বৈঠক নিয়মিত চালু রয়েছে। চলমান প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনী সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। গত ২২/১২/২০২১খ্রিঃ পর্যন্ত ইউরিয়া ২৪৭ মেঃ টন, টিএসপি ১৩০ মেঃ টন, এমওপি ৪০ মেঃ টন এবং ডিএপি ১১৯ মেঃ টন সারের মজুদ রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সময়ে সময়ে মাঠ পর্যায়ে কৃষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অবহিতকরণ সভা আয়োজন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলনগর |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগামী ০১ জানুয়ারি/২০২২ তারিখে শিক্ষার্থীদের মাঝে নতুন বই প্রদান করা হবে। সবাইকে সহযোগিতা করার পাশাপাশি উপস্থিত থাকার আমন্ত্রন জানান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। আগামী ০১ জানুয়ারি/২০২২ তারিখে শিক্ষার্থীদের মাঝে নতুন বই সফলভাবে প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার, কমলনগর |
| ০৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, কমলনগর উপজেলায় অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২১-২২ এর আওতায় ১১১১ মেঃ টন ধান ও ৫৯ মেঃ টন চাল বরাদ্দ পাওয়া যায়। সে অনুযায়ী অত্র উপজেলায় আমন ধান সংগ্রহ ১০০.০০০ মেঃ টন। আগামী ২৮/০২/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত আমন সংগ্রহ কার্যক্রম চলমান থাকবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষমাত্রা অনুযায়ী আমন সংগ্রহ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কমলনগর |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জনাব মোঃ আনোয়ার হোসেন সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ডিসেম্বর/২০২১খ্রিঃ প্রাপ্ত মূল ঋণ তহবিল ৩৫,১৪,০০০/-টাকা, মোট ঋণ তহবিল ৪২,১৯,১৮২/-টাকা, চলতি মাসে বিতরণ ৪,৭০,০০০/-টাকা, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ৫,৯০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৪২,৭৫,০০০/-টাকা, মোট ঋণী সংখ্যা ২৭৩ জন, চলতি মাসে আদায় যোগ্য ২,৫৩,৩৬০/-টাকা, চলতি মাসে আদায়কৃত ২,২০,৮৬০/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ১,১৫,০৩,৭১৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত ১,০৪,৩০,৪৬৮/-টাকা, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯১%। চলতি বছরে প্রশিক্ষণ ১২০ জন। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ৪,১৪০ জন। ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা ২,৬৯৪ জন। | ১। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রেখে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কমলনগর |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় ডিসেম্বর/২০২১ মাসের সম্প্রসারণ সমূহ-গবাদি পশুর চিকিৎসা-১১৬০ টি, পোল্ট্রি চিকিৎসা-৫৪২০ টি, গবাদি পশুর টিকাদান-২৯৮৮ টি, পোল্ট্রি টিকাদান-১৫,০০০ টি, কৃত্রিম প্রজনন-৪৬২ টি। উপকূলীয় চরাঞ্চল সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প এবং প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ জরিপের কার্যক্রম চলছে। | ১। প্রানি চিকিৎসা ও টিকাদান কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। চলমান উপকূলীয় চরাঞ্চলে সমন্বিত প্রানিসম্পদ উন্নয়ন প্রকল্প কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কমলনগর |
| ১১ | সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে জানান যে, ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমের আওতায় কমলনগর উপজেলার চর ঠিকা গ্রামের ১১ জন ভিক্ষুককে ১ টি করে গাভি ও নগদ ২,৫০০/- টাকা হারে সহায়তা প্রদান করা হয়। জেলা সমাজকল্যাণ পরিষদ হতে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ, অসহায়, দুঃস্থ ব্যক্তিদের মাঝে ৫,০০০/-টাকা হারে ৬০ জনের মাঝে এককালীন অনুদানের চেক বিতরণ করা হয়। উপজেলা সমাজকল্যাণ পরিষদ হতে দুরারোগ্য ও মেধাবী গরীব অসহায় শিক্ষার্থীদের মাঝে ৫,০০০/-টাকা হারে ১০ জনের মাঝে এককালীন অনুদানের চেক বিতরণ করা হয়। বাংলাদেশ প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় ৬২০ জনের জরিপ কাজ সম্পন্ন করা হয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম ও পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ হিসেবে ২০,৫০,০০০/- টাকা বিনিয়োগ ও ১৮,৫০,০০০/- টাকা পুনঃ বিনিয়োগ করা হয় এবং অনাদায়ী অর্থ ১০,১৭,৯৫০/- টাকা আদায় করা হয়। প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান সকল |
| ১২ | সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সমবায় বিভাগের নিবন্ধিত সমিতির সংখ্যা সমবায় বিভাগীয় ১১৪ টি ও বিআরডিবি ভুক্ত ৩০ টি, সর্বমোট ১৪৪ টি। ২০২০-২১ সনে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৮১ টি। ডিসেম্বর/২১ সমিতির অডিট সম্পাদন করা হয়েছে ৪১ টি, অডিট সম্পাদনের হার ৫১%। পরিদর্শন/তদারকি ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। সরকারি রাজস্ব ধার্য ১৪,০৮০/- টাকা। আদায়কৃত ১৪,০৮০/- টাকা। আদায়ের হার ১০০%। রাজস্ব খাতে প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ সমাপ্ত পুরুষ, মহিলা ২৮ জন। চর ঠিকা আশ্রয়ন-২ প্রকল্পে ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ ৫৩ লক্ষ টাকা। আদায়যোগ্য ঋণ ৫৩ লক্ষ টাকা। ডিসেম্বর/২১ পর্যন্ত আদায়ের পরিমান ৩৮.৬৩ লক্ষ টাকা, আদায়ের হার ৭৩%। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় সমবায় অংশঃ ক) প্রকল্পে সমিতি গঠনের লক্ষ্যমাত্রা-৬০ টি, সমিতি গঠনের সংখ্যা-৬০ টি। প্রকল্প প্রশিক্ষণ সমাপ্তঃ এক দিনের প্রশিক্ষণ-২৬৪০ জন। তিন দিনের বিশেষ প্রশিক্ষণ ১৮০ জন। আইজিএ প্রশিক্ষণ মহিলা ৪০ জন ও পুরুষ ৪০ জন। | ১। ঋণ আদায় বৃদ্ধিসহ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কমলনগর |
| ১৩ | নার্সারী বিভাগ ঃ উপজেলা নার্সারী কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা নার্সারী কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নার্সারী কর্মকর্তা, কমলনগর |
| ১৪ | আনসার ভিডিপি বিভাগ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আঃ ভিডিপি অফিসার |
| ১৫ | মৎস্য বিভাগ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলনগর |
| ১৬ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জনাব মু. আবদুল কাদের মাসুদ সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও জয়িতা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগ-এ আয়োজিত "ব্যবসায় সম্ভাবনাময়, প্রসিদ্ধ লুপ্ত প্রায় হস্ত ও হস্ত কারুশিল্প জাত পন্য জরিপ ২০২২"-প্রকল্প পরিচালনার নিমিত্তে পকেট এরিয়া চিহ্নিত করার লক্ষ্যে তথ্য সংগ্রহের কাজ চলমান। আমন ফসলের আনুমানিক হিসাব ২০২০-২১ অর্থ বছরের তথ্য সংগ্রহের কাজ চলমান। ঘূর্ণিঝড় 'জাওয়াদ' এর ফলে সৃষ্ট আমন ফসলের ক্ষয়ক্ষতি নিরুপন কাজ চলমান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলনগর |
| ১৭ | জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলায় গভীর নলকূপ স্থাপনের | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌঃ, জনস্বাস্থ্য বিভাগ, |

| | | | |
|---|---|---|---|
| | কাজ চলমান রয়েছে। | | কমলনগর |
| ১৮ | পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলনগর |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ভিজিডি/২০২১ মাসের ডি'ও ছাড় করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যেই উপকারভোগীদের মধ্যে খাদ্যশস্য বিতরণ করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। মাতৃত্বকাল ভাতাঃ এ বছরে এই খাতে কোন বরাদ্দ পাওয়া যায়নি, পূর্বের ভাতাভোগীদের কিছু প্রশিক্ষণ আছে যা এনজিও এর মাধ্যমে করা হবে। এ ব্যাপারে সহায়তা করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। মহিলা প্রশিক্ষণ কেন্দ্রঃ প্রশিক্ষণ কেন্দ্রে ১৩ তম ব্যাচ এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সম্মানিত সদস্যগণকে সুবিধাজনক সময়ে কেন্দ্র পরিদর্শনের আমন্ত্রন জানান। কিশোর কিশোরী ক্লাবঃ কার্যক্রম চলমান আছে। সংশ্লিষ্ট সকলকে ক্লাবের কার্যক্রম পরিদর্শনের নিমন্ত্রন জানান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ২০ | উপজেলা দারিদ্র বিমোচন বিভাগঃ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছর (২০২১-২২) নভেম্বর/২১ মাসে সমিতি গঠন লক্ষমাত্রা ১ টি, অর্জন নাই। সদস্য ভর্তি লক্ষমাত্রা ৫০ জন, অর্জন ২৯ জন। সঞ্চয় আদায় লক্ষমাত্রা ২.৫০ লক্ষ টাকা, অর্জন ৩.১১ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ বিতরণ লক্ষমাত্রা ১৮.০০ লক্ষ টাকা, অর্জন ১৬.০৫ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋণ আদায়যোগ্য ২৩.৬০ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ২২.৪৪ লক্ষ টাকা, আদায়ের হার ৯৫%। নভেম্বর/২০২১ মাসে সেল্প ও চাকুরীজীবিদের মাঝে ঋণ বিতরণের লক্ষমাত্রা ১০.০০ লক্ষ টাকা, অর্জন ৪.৫০ লক্ষ টাকা। ঋন আদায়যোগ্য ১০.২৩ লক্ষ টাকা, আদায়যোগ্য হতে আদায় ১০.২৩ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। ক্রমপুঞ্জিত (শুরু থেকে স্থিতি অনুযায়ী) সমিতি গঠন ৪৪টি, সদস্য ভর্তি ১,৩১২ জন, ঋণী সদস্য ৮৫৫ জন। নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২০০ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ৫০ জন। সেল্প ও চাকুরীজীবি ঋণী সদস্য ১২০ জন, সঞ্চয় স্থিতি ১,০৫,১৯,০০০/-টাকা, ঋণ বিতরণ (ক্ষুদ্র ও সেল্প এবং চাকুরীজীবিসহ) ১৫,৫৯,৩২,০০০/- টাকা, ঋণ আদায়যোগ্য ১৪,৯৪,৬০,৪০৫/- টাকা, আদায়যোগ্য হতে আদায় ১৪,২১,৭১,৭২৫/- টাকা, আদায়ের হার ৯৫%। বর্তমানে মাঠে পাওনা ঋনের পরিমান ২,৮২,১৩,৪৪১/-টাকা। | ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমসহ বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংকঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি ও ঋণ আদায় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী মাসিক সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলনগর |
| ২২ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর এর প্রতিনিধি জনাব মোঃ লুৎফুর রহমান সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। পাশাপাশি ঝড় বৃষ্টির সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ চলমান রাখার জন্য লাইনের মেইন্টিনেন্স কাজ চলমান এবং বকেয়া গ্রাহকদের থেকে বকেয়া আদায়ের জন্য সংযোগ বিচ্ছিন্নকরণের কাজ চলমান ও অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধ করার জন্য নাইট অভিযান চলমান। | ১। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কমলনগর |
| ২৩ | ইউজিডিপিঃ উপজেলা উন্নয়ন সহায়ক সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা উন্নয়ন সহায়ককে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা উন্নয়ন সহায়ক |
| ২৪ | তথ্য আপা প্রকল্পঃ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, কমলনগর |
| ২৫ | ফায়ার সার্ভিসঃ ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিসকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস |
| ২৬ | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা যায়নি। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |

উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান। তিনি জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,০৮,০০০/- টাকা অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। সভায় আলোচনান্তে জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালন করার আহবান জানান। তিনি জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,০৭,৫০০/- টাকা অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। সভায় আলোচনান্তে জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,০৭,৫০০/- (এক লক্ষ সাত হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলার সকল ট্যাগ অফিসারগণকে আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। কোভিড-১৯ পরিস্থিতি উন্নতি হলে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের ছাত্র-ছাত্রী ঝরে পড়া রোধে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক শিক্ষার মানোন্নয়নে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের জন্য অনুরোধ জানান। বিদ্যমান আইন ও বিধি বিধানের মধ্যে সরকারি সেবা ব্যবস্থার যে কোন উদ্ভাবনী কৌশল সভায় আলোচনা বা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব করার জন্য সকল কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া উপজেলার সকল বিভাগের বিভাগীয় প্রধানগণকে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের মাধ্যমে সরকারের যাবতীয় কর্মসূচির সঠিক বাস্তবায়নের জন্য আহ্বান জানান।

সভাপতি সভায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জানান। উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সকল কর্মকর্তাগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করার আহবান জানান। সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার অনুরোধ করেন। কমলনগর উপজেলায় সকল মানুষ যেন করোনা ভ্যাকসিন পায় সে বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এডিপি ২০২১-২২ অর্থ বছরের বাছাইকৃত প্রকল্পগুলোর দ্রুত প্রাক্কলন করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলনগরকে অনুরোধ করেন। তিনি জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,৩২,৫০০/- টাকা অনুমোদনের জন্য সভায় অনুরোধ করেন। সভায় আলোচনান্তে জানুয়ারি/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত মাসের দৈনিক ভাতা বিল ১,৩২,৫০০/- (এক লক্ষ বত্রিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধঃ

এছাড়া নভেম্বর/২০২১ মাসে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত নিম্নলিখিত অর্থ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো ঃ

০১. উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের আপ্যায়ন বাবদ পরিশোধ-৩০,০০০/- টাকা।
০২. উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের বিবিধ খরচ বাবদ পরিশোধ-৫,০০০/- টাকা।
০৩. উপজেলা চেয়ারম্যান-এর অক্টোবর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-৪০,০০০/- টাকা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান-এর অক্টোবর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৫. উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা)-এর অক্টোবর/২০২১ মাসের সম্মানীভাতা বাবদ পরিশোধ-২৭,০০০/-টাকা।
০৬. জনাব কেশব চক্রবর্ত্তী, অফিস সহায়ক এর অক্টোবর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
০৭. জনাব আনোয়ার পারভেজ, অফিস সহায়ক এর অক্টোবর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
০৮. জনাব লক্ষন চন্দ্র দাস, মালী এর অক্টোবর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১১,০০০/- টাকা।
০৯. জনাব হারুনুর রশিদ, সুইপার এর অক্টোবর/২০২১ মাসের মজুরী বাবদ পরিশোধ-১০,০০০/- টাকা।
১০. ভূমি হস্তান্তর কর ১% বাবদ প্রাপ্তি অক্টোবর/২০২১ মাসের ৬,০৭,৩৬১.৩৫/-টাকা।
১১. নভেম্বর/২০২১ মাস শেষে উপজেলা রাজস্ব তহবিলে স্থিতি-২৮,৬৬,৫৫২.৭১/- টাকা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মেজবাহ্ উদ্দিন আহম্মদ বাপ্পী)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

স্মারক নং ০৫.৪২.৫১৩৩.০০০.০২০.০০৮.২০২১-৮৫৮

তারিখ ঃ ২৩.১২.২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।
০২. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।
০৫. সিনিয়র সহকারী সচিব, উপজেলা-২শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. উপজেলা .................. কর্মকর্তা, কমলনগর, লক্ষ্মীপুর।
০৭. চেয়ারম্যান .................. (সকল) ইউ পি, কমলনগর, লক্ষ্মীপুর।
০৮. জনাব ..........................................

(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর।